# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ২৭তম (২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ) সভার কার্যবিবরণী।**

০৪ জানুয়ারি ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩ | জনাব এস. এম. সোহেল আহাম্মদ | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | জনাব মোহাম্মদ জাকির হোসেন | কর্মচারী প্রধান এবং সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | প্রকৌ: আবু সাদেক তালুকদার | প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | জনাব মোঃ রেজাউল করিম | অতি. প্রধান ব্যবস্থাপক (উৎপাদন), পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮ | জনাব ইসরাইল আহমেদ | অতি. প্রধান রসায়নবিদ, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৯ | জনাব ইমরান আহমেদ | উপ-ব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত ১৯ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় (নিয়মিত ২৬তম) সভার কার্যবিবরণী উপস্থাপন করলে অন্য কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৩.০ সভায় এ পর্যায়ে সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য জনাব ইমরান আহমেদ, উপ-ব্যবস্থাপক, আইসিটি-কে অনুরোধ করেন।

**৪.০. আলোচনা:**

৪.১) ইনোভেশন কমিটির সদস্য জনাব ইমরান আহমেদ, উপ-ব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| | | |
|---|---|---|
| ৫.১ | বিআইএসএফলি. এর জন্য প্রস্তাবিত “Adoption of 4IR in sales services of BISF” বিআইএসএফ এর কোম্পানি বোর্ডে অনুমোদন গ্রহণ করার পর কোম্পানি বোর্ডের সুপারিশের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনতিবিলম্বে সরকারি নির্দেশনা বাস্তবানের লক্ষ্যে বিআইএসএফ এর কোম্পানি বোর্ডে 4IR এর প্রস্তাবনা উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক, বিআইএসএফলি.। | বাস্তবায়িত।<br><br>বিষয়টি বাস্তবায়নের জন্য বিসিআইসি বোর্ডে অনুমোদিত হয়েছে। |
| ৫.২ | বিসিআইসি এর জন্য অনুমোদিত উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩.৩ এ উল্লেখিত উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে “উৎপাদনশীলতা বৃদ্ধিতে 4IR” প্রতিপাদ্য বিষয়ের উপর ০৫ দিনের প্রশিক্ষণ ২১ থেকে ২৫ নভেম্বর ২০২১ তারিখ রবিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত আয়োজনের জন্য এখন থেকেই পরিকল্পনা গ্রহণ করে নথি উপস্থাপন করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে ঢাকা বিশ্ববিদ্যালয় এর ব্যবস্থাপনা বিভাগ, বুয়েট, 4IR এর উপর স্পেশালিস্ট, বিসিআইসি এর রিসোর্স পারসনসহ ২০২১-২০২২ অর্থ বছরে বিসিআইসি এর “বার্ষিক ইনোভেশন পরিকল্পনা” ক্রমিক ৯.২ এ উল্লিখিত উদ্ভাবকগণের নলেজ শেয়ারিং এর লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচিতে সময় বরাদ্দ রাখতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত। |
| ৫.৩ | Standard color code অনুসরণ করে কারখানায় হেলমেট ব্যবহার এবং Standard color code অনুসরণ করে পাইপ লাইন রং করার বিষয়টি সকল চালু কারখানা প্রধান অনুসরণ করবে এবং এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গৃহীত হচ্ছে কি না সে বিষয়ে এমটিএস বিভাগ মনিটরিং কার্যক্রম অব্যহত রাখবে।<br>বাস্তবায়নে: প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ, বিসিআইসি। | মনিটরিং কার্যক্রম অব্যহত রয়েছে। |
| ৫.৪ | ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নতুন করে উদ্ভাবনী ধারণা আহ্বান করে কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পে পত্র দিতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত।<br>টিআইসিআই, জেএফসিএল, ডিএপিএফসিএল, এসএফসিএল থেকে ধারণা পাওয়া গেছে পরবর্তীতে উপস্থাপন করা হবে |

<table>
<tr><td>৫.৫</td><td>ইনোভেশন কমিটি এর সদস্য সমন্বয়ে আগামী ০২ মাসের মধ্যে “উৎপাদনশীলতা ও উদ্ভাবন” বিষয়ের উপর ০১ দিনের কর্মশালা আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করে বিসিআইসি নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>পত্র প্রেরণ করা হয়েছে তবে কারখানা/প্রতিষ্ঠান থেকে বাস্তবায়িত হয়নি।</td></tr>
<tr><td>৫.৬</td><td>বিসিআইসি এর জন্য অনুমোদিত উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৯.১ এ উল্লেখিত উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান এর ছবি নিয়ে ২০২১-২০২২ অর্থ বছরে বিসিআইসি এর “বার্ষিক ইনোভেশন পরিকল্পনা” অনুযায়ী পরিকল্পনা বাস্তবায়নের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে বিসিআইসি এর “বার্ষিক ইনোভেশন পরিকল্পনা” ক্রমিক ৬.১ এ উল্লিখিত “নূন্যতম ০১টি ইনোভেশন শোকেসিং আয়োজন” ২০২০-২০২১ অর্থ বছরের ন্যায় ২০২১-২০২২ অর্থ বছরেও করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>বাস্তবায়িত।</td></tr>
<tr><td>৫.৭</td><td>২০২১-২০২২ অর্থ বছরে বিসিআইসি এর “বার্ষিক ইনোভেশন পরিকল্পনা” অনুযায়ী পরিকল্পনা বাস্তবায়নের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে বিসিআইসি এর “বার্ষিক ইনোভেশন পরিকল্পনা” ক্রমিক ১২.১ এ উল্লিখিত “তথ্য বাতায়নে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদকরণ” এর লক্ষ্যে ইনোভেশন বিষয়ক প্রকাশযোগ্য সকল তথ্য বিসিআইসি এর ওয়েবসাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে: বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি।</td><td>বাস্তবায়িত।</td></tr>
<tr><td>৫.৮</td><td>ইনোভেশন কমিটির ২০২১-২২ অর্থ বছরের অবশিষ্ট সভাগুলো নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:
<table>
<tr><th>ক্রম</th><th>নিয়মিত সভা</th><th>২০২১-২২ অর্থ বছরের সভা</th><th>তারিখ</th><th>সময় সকাল</th><th>বার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>২৪ তম</td><td>১ম</td><td>০৭/০৭/২০২১</td><td>সকাল ১০:৩০ ঘটিকা</td><td>বুধবার</td><td rowspan="4">অনুষ্ঠিত হয়েছে</td></tr>
<tr><td>২</td><td>২৫ তম</td><td>২য়</td><td>২৪/০৮/২০২১</td><td>সকাল ১১:০০ ঘটিকা</td><td>মঙ্গলবার</td></tr>
<tr><td>৩</td><td>২৬ তম</td><td>৩য়</td><td>১৯/১০/২০২১</td><td>সকাল ১০:০০ ঘটিকা</td><td>মঙ্গলবার</td></tr>
<tr><td>৪</td><td>২৭ তম</td><td>৪র্থ</td><td>০৯/০১/২০২২</td><td>সকাল ১০:০০ ঘটিকা</td><td>রবিবার</td></tr>
<tr><td>৫</td><td>২৮ তম</td><td>৫ম</td><td>১৩/০৩/২০২২</td><td>সকাল ১০:০০ ঘটিকা</td><td>রবিবার</td><td rowspan="2">লক্ষ নির্ধারিত আছে</td></tr>
<tr><td>৬</td><td>২৯ তম</td><td>৬ষ্ঠ</td><td>১৫/০৫/২০২২</td><td>সকাল ১০:০০ ঘটিকা</td><td>রবিবার</td></tr>
</table>
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>০৯/০১/২০২২ তারিখের সভাটি অদ্য ০৪/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত হচ্ছে</td></tr>
</table>

৪.২) সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান আইসিটি-কে অনুরোধ করেন। ইনোভেশন কমিটির সদস্য-সচিব জন্য জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান আইসিটি, বিসিআইসি ২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এর তথ্য উপাত্ত উপস্থিত সদস্যগণের নিকট নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| ক্রম | বিষয় | কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ |
| ১. | উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি | উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি (%) | ৬০% | ৭৫% |
| ২. | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন (২০১৯-২০২০ অর্থ বছরের) | ২.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা (তারিখ উল্লেখ করুন) | ২৮/০৬/২০২০ | ১৭/০৬/২০২১ |
| | | ২.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ (তারিখ উল্লেখ করুন) | ২৯/০৬/২০২০ | ২০/০৬/২০২১ |
| | | ২.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা (তারিখ উল্লেখ করুন) | ২৯/০৬/২০২০ | ২১/০৬/২০২১ |
| ৩. | ইনোভেশন টিমের সভা | ৩.১ ইনোভেশন টিমের সভা আয়োজন (বছরে ০৬ টি) | ০২ টি | ০৩ টি |
| | | ৩.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি হার (%) | ৮০% | ৯০% |
| ৪. | নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি | ৪.১ এক দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/ সেমিনার আয়োজন/পরিকল্পনা (০১ টি) | হয়নি। জানুয়ারি ২০২১ এর শেষ সপ্তাহে করার পরিকল্পনা রয়েছে | ০২/০৯/২০২১ তারিখে আয়োজন করা হয়েছে |
| | | ৪.২ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ | হয়নি। ফেব্রুয়ারি ২০২১ এর ২য় | ২৯ ও ৩০ সেপ্টেম্বর ২০২১ |

| ক্রম | বিষয় | কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ |
| | | দিনের প্রশিক্ষণ আয়োজন অগ্রগতি/ পরিকল্পনা (১০ জন কর্মকর্তা) | সপ্তাহে করার পরিকল্পনা রয়েছে | তারিখে আয়োজন করা হয়েছে |
| | | ৪.৩ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের নাগরিক সেবায় উদ্ভাবন প্রশিক্ষণ আয়োজন (১০ জন কর্মকর্তা) | ১০০% | ২১ থেকে ২৫ নভেম্বর ২০২১ তারিখে আয়োজন করা হয়েছে |
| | | ৪.৪ উদ্ভাবন কার্যক্রমের সংগে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর অগ্রগতি (কর্মকর্তার সংখ্যা/পরিকল্পনা) | ০২ জন | পরিকল্পনা রয়েছে |
| ৫. | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | ৫.১ নূন্যতম ০২টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের অগ্রগতি/ পরিকল্পনা (%) | কারখানার Important equipment, instruments এবং pipeline মেরামত সংক্রান্ত Job history সংরক্ষণ করা।<br>শুষ্ক মৌসুমে ওয়াসার পানির সাহায্যে ডেমি পানি উৎপাদন।<br>নৈমিত্তিক ছুটির ই-নথি আবেদন ফরম প্রবর্তন।<br>বিসিআইসি প্রদত্ত গৃহনির্মাণ ঋণ অবমুক্তকরণের ক্ষেত্রে EFT পদ্ধতি প্রবর্তন। | পুরোনো রিফ্র্যাক্টরী ব্রিকস/ ব্লক কেটে ২নং ফার্নেস মেরামত করে উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ এর উৎপাদন চালুকরণ<br>ও<br>এসএফসিএল এর অ্যামোনিয়া বোতলিং স্টেশনে অ্যামোনিয়া ভেসেলের ইনলেট লাইন মডিফিকেশন |
| | | ৫.২ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী উদ্যোগসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান অগ্রগতি/পরিকল্পনা | ০১ টি ভিজিট করা হয়েছে। | পরিকল্পনা রয়েছে |
| | | ৫.৩ আওতাধীন দপ্তর সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশ অগ্রগতি (হ্যাঁ/না) | প্রকাশ করা হয়েছে | প্রকাশ করা হয়েছে |
| ৬. | ইনোভেশন শোকেসিং/সার্কেল | ৬.১ ইনোভেশন শোকেসিং/সার্কেল আয়োজন অগ্রগতি/পরিকল্পনা (তারিখ) | ৩১/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে করার পরিকল্পনা আছে | ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে বাস্তবায়িত হয়েছে |
| | | ৬.২ শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন অগ্রগতি/পরিকল্পনা (তারিখ) | ৩০/০৪/২০২১খ্রি. তারিখের মধ্যে করার পরিকল্পনা আছে | পরিকল্পনা রয়েছে |
| ৭. | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক (রেপ্লিকেশন) ও জাতীয় (স্কেলআপ) পর্যায়ে বাস্তবায়ন | ৭.১ উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়িত অগ্রগতি/পরিকল্পনা | ০১ টি ইতোমধ্যে সম্পাদন করা হয়েছে। | ০২ টি ইতোমধ্যে সম্পাদন করা হয়েছে। |
| | | ৭.২ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন (ওয়ান মিনিট ভিডিও) ও প্রকাশনা তৈরির অগ্রগতি/পরিকল্পনা | ১৫/০৫/২০২১খ্রি. তারিখের মধ্যে করার পরিকল্পনা আছে | পরিকল্পনা রয়েছে |
| ৮. | ইনোভেশন মেন্টরিং | ৮.১ মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুতকরণের অগ্রগতি/পরিকল্পনা | তালিকা প্রস্তুত করে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। | তালিকা প্রস্তুত করে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। |
| | | ৮.২ দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজন অগ্রগতি/পরিকল্পনা | এপ্রিল ২০২০ এর মধ্যে করার পরিকল্পনা রয়েছে। | ফেব্রুয়ারি ২০২১ এর মধ্যে করার পরিকল্পনা রয়েছে |
| | | ৮.৩ কতজন কর্মকর্তা উদ্ভাবককে সহায়তা করার জন্য সক্রিয়ভাবে মেন্টরিং কার্যক্রমে যুক্ত আছেন? | ৩৫ জন। | ০৯ জন। |
| | | ৮.৪ মেন্টরিং কার্যক্রম (মেন্টর ও মেন্টিদের) কিভাবে ফলোআপ করা হচ্ছে? | মনিটরিং এর মাধ্যমে | মনিটরিং এর মাধ্যমে |
| ৯. | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | ৯.১ উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান (কতজন) | অর্থ বছর শেষে ০৪ জনকে প্রদান করার পরিকল্পনা রয়েছে। | ইতোমধ্যে ০২ জনকে প্রদান করা হয়েছে |
| | | ৯.২ উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ (অগ্রগতি/ পরিকল্পনা) | ০৬ টি কারখানা যথাঃ কেপিএমএল, সিইউএফএল, জেএফসিএল, সিসিসি, ডিএপিএফসিএল, টিএসপিসিএল গমণ করে নলেজ শেয়ারিং করা হয়েছে। | পরিকল্পনা রয়েছে |

| ক্রম | বিষয় | কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ |
| | | ৯.৩ উদ্ভাবকগণের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ (অগ্রগতি/ পরিকল্পনা) | হয়নি | পরিকল্পনা রয়েছে |
| ১০. | ইনোভেশন ফান্ড বরাদ্দ | ১০.১ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে জন্য প্রাপ্ত বাজেট (টাকায়) | ৫০ লক্ষ টাকা | ৪০ লক্ষ টাকা |
| | | ১০.২ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় (%) | ১৩.২৮% | ১৪.৯৫% (প্রকৃত খরচ ৫,৯৭,৯৯৩.২৫) |
| ১১. | আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কার্যক্রম পরিবীক্ষণ | ১১.১ আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ (অগ্রগতি) | ভিজিটের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে। | ভিজিটের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে। |
| | | ১১. সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ (অগ্রগতি) | ১০০% | ১০০% |
| ১২. | ইনোভেশন-সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ | ১২.১ ওয়েবসাইটে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদকরণের অগ্রগতি | ১০০% | ১০০% |

প্রস্তুতকৃত প্রতিবেদনটি শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সভায় উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৩) সভায় এ পর্যায়ে নোটিশের আলোচ্যসূচি অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরে বিসিআইসি এর "বার্ষিক ইনোভেশন পরিকল্পনা" এর উপর আলোচনা শুরু হয়। কর্মপরিকল্পনা এর কোন বিষয়গুলি বাস্তবায়ন হয়েছে এবং কোন বিষয়গুলি বাস্তবায়ন অপেক্ষমান রয়েছে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিম্নোক্ত বিষয়ে আলোচনা হলে অপেক্ষমান বিষয়গুলি নির্ধারিত টাইমফ্রেমের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত সভায় উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৪) ইনোভেশন কর্মপরিকল্পনার ক্রমিক ৮.২ এ দুই দিনের মেন্টরিং কর্মশালা নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহের মেন্টরদের নিয়ে আয়োজন এর জন্য ১৯ ও ২০ জানুয়ারি ২০২২ তারিখ বুধবার ও বৃহস্পতিবার সময় নির্ধারিত আছে। চলতি মাসে দাপ্তরিক ব্যস্ততা থাকায় ০২ ও ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বুধবার ও বৃহস্পতিবার আয়োজন করা যেতে পারে এবং ইনোভেশন কমিটির ২০২১-২২ অর্থ বছরের অবশিষ্ট সভাগুলো নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২১-২২ অর্থ বছরের সভা | তারিখ | সময় | বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২৮ তম | ৫ম | ১৩/০৩/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | লক্ষ্য নির্ধারণ করা হয়েছে |
| ২ | ২৯ তম | ৬ষ্ঠ | ১৫/০৫/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | |

৪.৫) বিসিআইসি'র পরিচালক (উৎপাদন ও গবেষণা) জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, ইনোভেশন শোকেসিং আরও অধিক মাত্রায় ফলপ্রসূ করার লক্ষ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে বাজেট ছাড় নিয়ে প্রধান কার্যালয় থেকে স্ট্যান্ডসহ ১০০ (একশত)টি এক্স ব্যানার তৈরি করে গবেষণা ও উৎপাদনশীলতা বিভাগ কারখানা/প্রতিষ্ঠানসমূহে প্রেরণ করতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সভায় উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৬) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক বলেন যে, ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ধারা অব্যহত রাখতে হবে।

**৫. <u>সভার সিদ্ধান্তসমূহ:</u>**

৫.১) নির্ধারিত টাইমফ্রেমের মধ্যে প্রস্তুতকৃত "উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন" প্রতিবেদনটি শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) বিসিআইসি প্রধান কার্যালয় ও নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহের মেন্টর-মেন্টিদের নিয়ে ৬০ জনের সংশ্লিষ্টতায় ০২ ও ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বুধবার ও বৃহস্পতিবার কর্মশালা আয়োজনের লক্ষ্যে বাজেট প্রস্তুত করত নথি উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) ইনোভেশন কমিটি এর সদস্য সমন্বয়ে আগামী ৩০ জুন ২০২২ এর মধ্যে “উৎপাদনশীলতা ও উদ্ভাবন” বিষয়ের উপর সকল কারখানা/প্রতিষ্ঠানে ০১ দিন করে কর্মশালা আয়োজনের জন্য পরিকল্পনা প্রস্তুত করতে হবে এবং প্রস্তুতকৃত পরিকল্পনা অনুযায়ী প্রধান কার্যালয় এর ইনোভেশন খাত থেকে বাজেট বরাদ্দ নিয়ে কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ের কর্মশালা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) ইনোভেশন শোকেসিং ফলপ্রসূ করার লক্ষ্যে প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানে ২(দুই)টি করে ব্যানার পাঠাতে হবে এবং কারখানা/প্রতিষ্ঠান থেকে তাদের প্রয়োজনীয় সংখ্যক ব্যানার তৈরি করে প্রদর্শন করতে পারে। এ বিষয়ে নির্দেশনা পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৫) ২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৬) ইনোভেশন কমিটির ২০২১-২২ অর্থ বছরের অবশিষ্ট সভাগুলো নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২১-২২ অর্থ বছরের সভা | তারিখ | সময় | বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২৪ তম | ১ম | ০৭/০৭/২০২১ | সকাল ১০:৩০ ঘটিকা | বুধবার | অনুষ্ঠিত হয়েছে |
| ২ | ২৫ তম | ২য় | ২৪/০৮/২০২১ | সকাল ১১:০০ ঘটিকা | মঙ্গলবার | |
| ৩ | ২৬ তম | ৩য় | ১৯/১০/২০২১ | সকাল ১১:০০ ঘটিকা | মঙ্গলবার | |
| ৪ | ২৭ তম | ৪র্থ | ০৪/০১/২০২২ | সকাল ১১:০০ ঘটিকা | মঙ্গলবার | |
| ৫ | ২৮ তম | ৫ম | ১৩/০৩/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | লক্ষ্য নির্ধারণ করা হয়েছে |
| ৬ | ২৯ তম | ৬ষ্ঠ | ১৫/০৫/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

7/2/2022

জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।